

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date:29-10-2024**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Electoral Roll:**

নির্বাচন কমিশনের নির্ধারিত সূচী অনুযায়ী আজ থেকে রাজ্যের ৬০টি বিধানসভা কেন্দ্রে সচিব ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর কাজ শুরু হবে। এর জন্য আজ খসড়া সচিব ভোটার তালিকা প্রকাশ করা হবে। খসড়া তালিকা প্রকাশের পর আজ থেকেই দাবি ও আপত্তি গ্রহণের কাজ শুরু হবে। তা চলবে আগামী ২৮শে নভেম্বর পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ২৪শে ডিসেম্বর। চূড়ান্ত সচিব ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী বছরের ৬ই জানুয়ারী। ২০২৫ সালের পয়লা জানুয়ারী তারিখে বয়সের ভিত্তি তারিখ চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়ন করা হবে। আগামী বছরের পয়লা জানুয়ারী যাদের বয়স ১৮ বছর পূর্ণ হবে তারা ভোটার তালিকা সংশোধনী প্রক্রিয়া চলাকালে বাড়ির নিকটবর্তী ভোটগ্রহণ কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত অফিসার অথবা বুথ লেভেল অফিসারের কাছে নির্ধারিত '৬নং' ফর্মে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে পারবেন। তাছাড়া যাদের বয়স আগামী বছরের পয়লা এপ্রিল/ পয়লা জুলাই/ পয়লা অক্টোবর তারিখে ১৮ বছর পূর্ণ হবে তারা ও ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য অগ্রিম আবেদন জমা দিতে পারবেন।

\*\*\*\*\*

**Ekta Diwas :**

আজ সকাল সাড়ে সাতটায় আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে এক অনুষ্ঠানের রাষ্ট্রীয় একতার জন্য শপথ নেওয়া হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাষ্ট্রীয় একতার শপথ বাক্য পাঠ

করান। পরে এই ময়দান থেকে শুরু হয় রাষ্ট্রীয় একতা দৌড়। উমাকান্ত একাডেমি প্রাঙ্গনে গিয়ে এই দৌড় শেষ হয়। মুখ্যমন্ত্রী এই একতা দৌড়েরও সূচনা করেন। অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন।

আগামী ৩১শে অক্টোবর দেশের স্বাধীনতা সংগ্রামের অন্যতম সংগ্রামী, একতা অখন্ডার প্রতীক লৌহ পুরুষ সর্দার বল্লভ ভাই পেটেলের জন্মজয়ন্তী। দিবসটি রাষ্ট্রীয় একতা দিবস হিসেবে ঐদিন পালন করার কথা ছিল। কিন্তু এই বছর ৩১শে অক্টোবর দেওয়ালি উপলক্ষ্যে ছুটি থাকায় আজ রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন করা হচ্ছে। মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী আগামী ৩১শে অক্টোবরের পরিবর্তে রাজ্যেও আজ একতা দিবস উদযাপন করা হচ্ছে।

\*\*\*\*\*

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ধন্বন্তরী জয়ন্তী এবং নবম আয়ুর্বেদ দিবস উপলক্ষে নতুনদিল্লিতে স্বাস্থ্য ক্ষেত্র সম্পর্কিত প্রায় ১২,৮৫০কোটি টাকার একাধিক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রধানমন্ত্রী আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার একটি বড় সংযোজন হিসাবে ৭০ বছর বা তার বেশি বয়সী সকল প্রবীণ নাগরিকদের এই যোজনায় যুক্ত করার সূচনা করবেন।

\*\*\*\*\*

**Ayurveda Diwas:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার প্রজ্ঞাভবনে নবম আয়ুর্বেদ দিবসের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করবেন। এবারের আয়ুর্বেদ দিবসের ভাবনা হচ্ছে বিশ্ব স্বাস্থ্যের জন্য আয়ুর্বেদের উদ্ভাবন।

\*\*\*\*\*

## **Rojgar Mela:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৫১ হাজারেরও বেশি চাকরি প্রার্থীদের নিয়োগপত্র বিতরণ করবেন। এরজন্য দেশব্যাপী ৪০টি স্থানে রোজগার মেলার আয়োজন করা হবে। দেশে কর্মসংস্থান সৃষ্টিকে অগ্রাধিকার দিতে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী এই রোজগার মেলা, তরুণ-তরুণীদের দেশ গঠনে অবদান রাখার সুযোগ প্রদান করে। নবনিযুক্ত নিয়োগপ্রাপ্তরা কর্মযোগী পোর্টালে অনলাইন মডিউল, কর্মযোগীর মাধ্যমে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পাবেন।

\*\*\*\*\*

## **CM Review Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা পুরনিগম এলাকার ব্যস্ততম সড়কগুলোতে যানজট এড়াতে ট্রাফিক পুলিশ, পরিবহন দপ্তর ও পুর নিগমকে যৌথভাবে কাজ করার নির্দেশ দিয়েছেন। গতকাল সচিবালয়ে ট্রাফিক ব্যবস্থা নিয়ে এক পর্যালোচনা সভায় তিনি এই নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী বলেন, শহরের নো-পার্কিং জোনগুলোতে নিয়মিত নজরদারি রাখতে হবে। প্রয়োজনে ট্রাফিক আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থাও গ্রহণ করতে হবে। আগরতলা শহরে যানজট এড়াতে পার্কিং জোনের সংখ্যা আরও বৃদ্ধি করার প্রয়োজন রয়েছে। নতুন পার্কিং জোনের জন্য স্থান চিহ্নিত করে দ্রুত কাজ শুরু করতে ট্রাফিক পুলিশ সুপারকে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*

## **Legal Awareness:**

দক্ষিণ জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে গতকাল দক্ষিণ জেলার বিলোনিয়া মহকুমার শিবপুর ভিলেজের দেবীপুর ভিলেজে আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ভারতীয় ন্যায় সংহিতা - ২০২৩, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয়

সাক্ষ্য অধিনিয়ম এই তিনটি নতুন গৃহীত আইন সম্পর্কে আলোচনা করেন আইনজীবী লিটন মল্লিক। সচেতনতা শিবিরে সভাপতিত্ব করেন শিবপুর এডিসি ভিলেজের চেয়ারম্যান নাইফরু মগ।

\*\*\*\*\*

#### **Central Sanskrit University:**

সাইবার নিরাপত্তা ও নারীদের নেতৃত্বে উন্নয়ন নীতি ও বাস্তবায়ন বিষয়ে গতকাল থেকে কামালঘাটে কেন্দ্রীয় সংস্কৃত বিদ্যালয়ের একলব্য পরিসরে শুরু হয়েছে সচেতনতা সপ্তাহ অনুষ্ঠান। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক রাজেশ কান্ত তিওয়ারি। তিনি বলেন সাইবার নিরাপত্তা বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। অনুষ্ঠানে আলোচনা করেন ডঃ চেতনা বেদী, সহকারী অধ্যাপক ডক্টর নন্দদুলাল মন্ডল সহ অন্যরা। সভাপতিত্ব করেন একলব্য পরিসর ক্যাম্পাসের নির্দেশক অধ্যাপক প্রভাত কুমার মহাপাত্র।

\*\*\*\*\*

#### **Women T-20 Cricket:**

সিনিয়র মহিলাদের জাতীয় টি-২০ ক্রিকেটের লড়াইয়ে গ্রুপের ষষ্ঠ তথা শেষ ম্যাচেও ত্রিপুরা পরাজিত হয়েছে। গতকাল লক্ষ্মণৌ'তে অনুষ্ঠিত খেলায় হরিয়ানা ৮ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। সব মিলিয়ে রাজ্যদল একটি ম্যাচে জয় পেলেও বাকী ৫টিতে হেরে আসর শেষ করে।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৮ ডিগ্রি

সেলসিয়াস। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রি  
সেলসিয়াস।

\*\*\*\*\*